10 AUG 1997
সংখ্যা ... পৃষ্ঠা ১৫ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

100

# বেসরকারী স্কুল ও কলেজ শিক্ষকদের বকেয়া বেতন দানের দাবী

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ ও মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়া গতকাল (শনিবার) এক যুক্তবিবৃতিতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের জুন মাসের বেতনের সরকারী অংশ অদ্যাবধি না পাওয়ায় ক্ষোভ প্রকাশ করিয়া অবিলম্বে এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। তাহারা আশা করেন প্রতি মাসের বেতন পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে যাহাতে শিক্ষক-কর্মচারীগণ পান সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

খুলনা অফিস ॥ বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির খুলনা জেলা শাখার সাধারণ সম্পাদক খান আতিয়ার রহমান বেসরকারী কলেজ শিক্ষকদের জুন ও জুলাই মাসের সরকারী অংশের বেতন দেওয়ার জন্য সরকারের প্রতি দাবী জানাইয়াছেন। তিনি এক বিবৃতিতে বলিয়াছেন, বিগত দুই মাস সরকারী অংশের বেতন না পাওয়ায় কলেজ শিক্ষকরা চরম আর্থিক সংকটের মধ্যে পড়িয়াছেন।